

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আজ
হইতে শিক্ষক ধর্মঘট**

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (সোমবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (হামিদা-ইফতেখার) এর এক জরুরী সভা বিশ্ববিদ্যালয় ক্লাব (শহর)-এ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক সরোজ কান্তি সিংহ হাজারী। সভায় বিশ্ববিদ্যালয়ে চিহ্নিত কতিপয় দুর্বৃত্তের অব্যাহত সন্ত্রাসের মুখে গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকারের নিষিকার ভূমিকার প্রতিবাদে আজ (মঙ্গলবার) হইতে আগামী ৩রা ডিসেম্বর পর্যন্ত (পরীক্ষা ব্যতীত) ক্লাব বর্জনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় ডঃ ইমরান হোসেন, অধ্যাপক বনজিত দে, অধ্যাপক আনোয়ারুল আজিম, অধ্যাপক আবদুল ওয়ালি প্রমুখ বক্তব্য রাখেন।

চট্টগ্রাম শিবিরের কর্মসূচী

ইসলামী ছাত্রশিবির চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট হইতে সন্ত্রাসীদের থেকেতার, ১লা ডিসেম্বর হইতে অনুষ্ঠিতব্য পরীক্ষায় সকল পরীক্ষায় সকল পরীক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার দাবী জানাইয়া বলিয়াছে অন্যথায় ২৭শে নভেম্বর স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ছাত্র ধর্মঘট এবং ৩০শে নভেম্বর চট্টগ্রাম মহানগরীতে পূর্ণদিবস হরতাল পালন করা হইবে। গতকাল (সোমবার) শিবিরের চট্টগ্রাম মহানগরী শাখার এক জরুরী সভায় দাবী আদায়ে এই কর্মসূচী ঘোষণা করা হয়। সভায় সভাপতিত্ব করেন মোঃ শাহজাহান।

৪৫

৪০